**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 02-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**<u>Headlines :</u>**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা নগর উন্নয়নে কাজের গুণমান বজায় রেখে বিভিন্ন প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করতে নির্দেশ দিয়েছেন।**

**(২) ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের মোট ব্যবসা বেড়ে দাঁড়িয়েছে ১৫,৪২২ কোটি টাকা।**

**(৩) ভারত সরকার নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে একটি আধুনিক মোবাইল-ভিত্তিক দুর্যোগ সতর্কীকরণ ব্যবস্থা চালু করেছে।**

**(৪) উত্তরপূর্ব অনূর্ধ্ব ১৪ বছরের ছেলেদের ক্রিকেট প্রতিযোগিতায় স্বাগতিক ত্রিপুরা সেমিফাইনালে উঠেছে।**

**(৫) ভারতীয় আবহাওয়া বিভাগ আগামী ৪৮ ঘন্টায় ত্রিপুরা সহ গোটা উত্তর-পূর্বাঞ্চলে ঝড়ো হাওয়া সহ ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে।**

*****************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা নগর উন্নয়নের স্বার্থে কাজের গুণমান বজায় রেখে বিভিন্ন প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করতে নির্দেশ দিয়েছেন। আজ আগরতলায় নগর উন্নয়ন দপ্তর ও নগর সংস্থাগুলির বিভিন্ন উন্নয়মূলক প্রকল্পের অগ্রগতি পর্যালোচনাকালে তিনি এই নির্দেশ দেন। মুখ্যমন্ত্রী বলেন, নাগরিক পরিষেবা দ্রুত প্রদানে আধিকারিকদের কাজের আরও গতি আনা প্রয়োজন। বৈঠকে মুখ্যমন্ত্রী টুডার অধীন প্রকল্পগুলি দ্রুত শেষ করার পাশাপাশি সাধারণ মানুষের স্বাস্থ্য পরিষেবা

সুনিশ্চিত করতে সিটি হাসপাতালের কাজ অতিসত্বর শেষ করার নির্দেশ দেন। পথচারীদের নিরাপত্তা নিশ্চিত করতে এবং দুর্ঘটনা হ্রাস করতে ফুটপাতগুলিতে রেলিং বসানোর বিষয়েও মুখ্যমন্ত্রী সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন। বৈঠকে মুখ্যমন্ত্রী নগর উন্নয়ন প্রকল্প, স্যাটেলাইট টাউনশীপ প্রকল্প, আমরুত ২.০, এশিয়ান ডেভেলপমেন্ট সহায়তা প্রাপ্ত প্রকল্প, স্মার্টসিটি মিশন, শহরের সৌন্দর্যায়ণ, এস.এ.এস.সি.আই স্কিম, মুখ্যমন্ত্রী নগর উন্নয়ন প্রকল্প সহ বিভিন্ন প্রকল্পের অগ্রগতি নিয়েও আলোচনা হয়। বৈঠকে মুখ্যসচিব জে কে সিনহা, নগর উন্নয়ন সচিব মিলিন্দ রামটেকে সহ অন্যান্য পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

****************************

**TGB :**

ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান সত্যেন্দ্র সিং জানিয়েছেন ২০২৫–২৬ অর্থবছরে গ্রামীণ ব্যাঙ্কের মোট ব্যবসা বেড়ে দাঁড়িয়েছে ১৫,৪২২ কোটি টাকা, আমানত সংগ্রহ হয়েছে ১০,৮৮৯ কোটি টাকা। এক্ষেত্রে নিট মুনাফা বেড়ে দাঁড়িয়েছে ১৮৪ কোটি ৮৪ লক্ষ টাকা। সিডি রেসিও হয়েছে ৪১.৬২ শতাংশ। আজ আগরতলার প্রজ্ঞা ভবনে এক সাংবাদিক সম্মেলনে শ্রী সিং এতথ্য জানান। তিনি জানান, ২০২৪–২৫ অর্থবছরের তুলনায় ব্যবসা বেড়েছে ৯.৪৯ শতাংশ। আমানত সংগ্রহ বেড়েছে ৮.১৮ শতাংশ। নিট মুনাফা বেড়েছে ৭৬.১৯ শতাংশ। সিডি রেসিও বেড়েছে ৩৯.৯৩ শতাংশ। তিনি আরো জানান, কৃষি ও গ্রামীণ উন্নয়ন, স্বনির্ভর গোষ্ঠী সহায়তা, ক্ষুদ্র ব্যবসায় ঋণ প্রদান এবং আধুনিক ডিজিটাল পরিষেবা প্রদানে অগ্রণী ভূমিকা পালন করে চলেছে ত্রিপুরা গ্রামীণ ব্যাংক। তিনি আরো জানান, বর্তমানে রাজ্যে আট জেলায় ত্রিপুরার গ্রামীণ ব্যাঙ্কে ১৫০টি শাখা, ১৩টি অতি ক্ষুদ্র শাখা, ৩টি আঞ্চলিক কার্যালয় এবং ৪৩টি এটিএমের মাধ্যমে পরিষেবা দেওয়া হচ্ছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন জেনারেল ম্যানেজার অনুপ কুমার সাহা এবং চিফ ম্যানেজার শৈলেশ ভি রঞ্জন।

****************************

**Oil Palm Tree Plantation :**

National Mission For Edible Oils – Oil Palm প্রকল্পের আওতায় আজ সিপাহীজলা জেলার আমতলির জোড়া পুকুর এলাকায় ৬ হেক্টর জমিতে পাম অয়েল গাছের চারা রোপন করা হয়েছে। মোট ৫ জন সুবিধাভোগীর জন্য ৮৫৮টি চারা রোপন করা হয়। প্রকল্পটির স্টেট কনসালটেন্ট ড: রাজীব ঘোষ জানিয়েছেন, পাম অয়েলের মতো বহুমূল্যের এই ভোজ্যতেলের সংস্থান সহজলভ্য করার উদ্দেশ্যেই রাজ্য ও কেন্দ্রীয় সরকারের এই ফ্ল্যাগশিপ প্রোগ্রাম। পাম অয়েল চাষে কৃষকদের উৎসাহ বৃদ্ধির জন্য এই প্রকল্পের আওতায় সুবিধাভোগীদের বিনামূল্যে চারা প্রদান করা, রোপন করার পাশাপাশি যাবতীয় সুবিধা প্রদান করা হচ্ছে। গত ২ থেকে আড়াই বছরে গোটা রাজ্যে এই প্রকল্পে প্রায় ৭০০০ হেক্টর জমিতে পাম অয়েল চারা রোপন করা হয়েছে। এগুলি থেকে ফল উৎপাদন শুরু হয়ে গেলেই তা প্রক্রিয়াকরণের মাধ্যমে তেল উৎপাদন শুরু হবে।

*****************************

**Package Story–Dry Fish :**

খোয়াই জেলার চাম্পাহাওরের যুবক সুজিত দেববর্মা আজ আত্মনির্ভরতার এক অনন্য উদাহরণ। ২০২০ সালে চাকরি হারিয়েও ভেঙে পড়েননি তিনি। বরং প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনার সহায়তায় শুরু করেন অর্গানিক পদ্ধতিতে শুকনো মাছ তৈরির কাজ। এনিয়ে একটি প্রতিবেদন।

#######VC#######

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**Disaster Alerts :**

ভারত সরকার নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে একটি আধুনিক মোবাইল-ভিত্তিক দুর্যোগ সতর্কীকরণ ব্যবস্থা-সেল ব্রডকাস্ট সিস্টেম চালু করেছে। আজ দুপুরে এই ব্যবস্থার পরীক্ষামূলক প্রয়োগ হিসেবে দেশের বিভিন্ন প্রান্তে মোবাইল ফোনে একটি সতর্কবার্তা পাঠানো হয়। বার্তার সঙ্গে একটি সাইরেন শব্দও শোনা যায়। বার্তায় স্পষ্ট করে জানানো হয়, এটি একটি পরীক্ষামূলক বার্তা এবং সাধারণ মানুষের কোনো পদক্ষেপ গ্রহণের প্রয়োজন নেই। কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া সামাজিক মাধ্যমে জানিয়েছেন, এই ধরনের বার্তা পেলে আতঙ্কিত হওয়ার কোনো কারণ নেই। এটি ভারতের নতুন মোবাইল-ভিত্তিক দুর্যোগ যোগাযোগ ব্যবস্থার একটি পরীক্ষা। তিনি আরও জানান, ভবিষ্যতে এই ব্যবস্থার মাধ্যমে স্থানভিত্তিক এবং স্থানীয় ভাষায় দ্রুত সতর্কবার্তা পাঠানো সম্ভব হবে, যা জরুরি পরিস্থিতিতে অত্যন্ত কার্যকর হবে। সরকার জানিয়েছে, এই উদ্যোগ দেশের জরুরি যোগাযোগ ব্যবস্থাকে আরও শক্তিশালী করবে এবং নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে সহায়তা করবে।

#####Byte-Jyotiraditya Scindia#####

***********************************

**COUNTING-WEST BENGAL :**

আগামী চৌঠা মে পশ্চিমবঙ্গ, আসাম, তামিলনাড়ু, কেরলম ও কেন্দ্র শাসিত অঞ্চল পুদুচেরীর বিধানসভা নির্বাচনের ভোট গণনা অনুষ্ঠিত হবে। ভোট গণনা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য নির্বাচন কমিশন পশ্চিমবঙ্গে অতিরিক্ত ১৬৫ জন গণনা পর্যবেক্ষক ও ৭৭ জন পুলিশ পর্যবেক্ষক মোতায়েন করেছে। কমিশন বলেছে, এই পদক্ষেপগুলোর লক্ষ্য হলো গণনা প্রক্রিয়াটি যেন নিরাপদ, শান্তিপূর্ণ, ভীতিমুক্ত ও স্বচ্ছভাবে পরিচালিত হয় তা নিশ্চিত করা।

কমিশন আরও জানিয়েছে যে, রিটার্নিং অফিসার, গণনা কর্মী, প্রার্থী এবং তাদের এজেন্টদের পরিচয়পত্র ECINET প্ল্যাটফর্মের একটি বিশেষ মডিউলের মাধ্যমে ইস্যু করা হবে। গণনা কেন্দ্রে প্রবেশ কঠোরভাবে ECINET-এর মাধ্যমে তৈরি করা কিউআর কোডযুক্ত সচিত্র পরিচয়পত্রের ভিত্তিতেই হবে।

****************************

**State Level Rabindra Jayanti :**

রবীন্দ্র জন্মজয়ন্তীর রাজ্যভিত্তিক অনুষ্ঠান এবছর ঊনকোটি জেলা সদর কৈলাশহরে অনুষ্ঠিত হবে। বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে আগামী ৯ই মে ঊনকোটি কলাক্ষেত্রে রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করবেন সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়।

**************************

**Northeastern Cricket :**

উত্তরপূর্ব অনূর্ধ্ব ১৪ বছরের ছেলেদের ক্রিকেট প্রতিযোগিতায় স্বাগতিক ত্রিপুরা সেমিফাইনালে উঠেছে। আজ টি আই টি মাঠে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ১০ উইকেটে নাগল্যান্ডকে পরাজিত করে।

***************************

**Weather :**

ভারতীয় আবহাওয়া বিভাগ আগামী ৪৮ ঘন্টায় ত্রিপুরা সহ গোটা উত্তর–পূর্বাঞ্চলে ঝড়ো হাওয়া সহ ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে।

এদিকে, আগরতলায় আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, উত্তর জেলা, খোয়াই, ধলাই, ঊনকোটি জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টি সহ ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে। তাছাড়া বাকি জেলাগুলিতে বজ্র বিদ্যুৎ ও ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩.২ ডিগ্রি সেলসিয়াস। আজ বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টিপাতের পরিমাণ ৩১.১ মিলিমিটার।

****************************